উপজেলা পরিষদ
তারাগঞ্জ, রংপুর।

স্মারক নং- ২৭(৬)

তাং-০৮/০৭/২০২১ ইং

## " সভার নোটিশ"

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আগামী **২৫**/০৭/২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হইবে ।

নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা করা হইলো ।

সভার আলোচ্য সূচী ঃ

০১ .গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ;

০ ২. পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক সার্বিক আলোচনা ।

০৩. ইউজিডিপি প্রকল্পের প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা ।

০৪. বিবিধ ।

প্রাপকঃ

১। -------------------------অফিসার, তারাগঞ্জ, রংপুর।

২। চেয়ারম্যান ---------------ইউপি, তারাগঞ্জ, রংপুর।

৩। -------------------------সদস্য, তারাগঞ্জ, রংপুর ।

মোসাঃ সাবিনা ইয়াসমিন
মহিলা ভাইস চেয়ারম্যান ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
তারাগঞ্জ, রংপুর

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।

৩। অফিস কপি।

## মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোছাঃ সাবিনা ইয়াসমিন<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তারাগঞ্জ, রংপুর । |
| তারিখ | : | ২৪/০৫/২০২১ খ্রিঃ |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, তারাগঞ্জ,রংপুর । |
| সময় | : | সকাল ১২.০ ঘটিকা । |

সভার আলোচ্য বিষয়সমূহ :

১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক সার্বিক আলোচনা।
৩। ইউজিডিপি প্রকল্পের প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা।
৪। বিবিধ।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় কমিটির সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসহ বিভিন্ন দিক উপস্থাপন করেন। অতঃপর সভায় সকল সদস্যগণ মহিলা ও শিশু উনন্নয় বিষয়ক এবং বিভিন্ন প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা করেন।

আলোচনা-০১ : গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন :

সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২ । মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক সার্বিক আলোচনা :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।

০৩। ইউজিডিপি প্রকল্পের প্রকল্প গ্রহণ বিষয়ক আলোচনা :

রংপুর-দিনাজপুর মহাসড়কের উপরে অবস্থিত রংপুর জেলার তারাগঞ্জ উপজেলা ১২৮.৬৪ বর্গ কি.মি. আয়তনের একটি প্রান্তিক দারিদ্রপীড়িত উপজেলা। এ উপজেলার অধিবাসীগণকে মূল পেশা কৃষি, শিল্প কারখানা না থাকায় এ অঞ্চলের অধিবাসীদের বিকল্প পেশার সৃষ্টি হয়নি। জনসংখ্যার অর্ধেক নারী গৃহস্থালী কাজের সাথে জড়িত। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার লক্ষ্যে ২০১৮ খিঃ থেকে উপজেলা পর্যায়ের মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ আইজিএ প্রকল্প গ্রহণ করা হয়েছে। ০৩ মাসব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় প্রতিবছর ৪ টি ব্যাচে ২টি ট্রেডে যথা বিউটিফিকেশন ১০০ জন ও ফ্যাশন ডিজাইনে ১০০ জন মোট ২০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা পর্যায়ের মহিলা ও শিশু অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র না থাকায় বাৎসরিক ভেন্যু ভাড়া হিসাবে ৮৪,০০০/- টাকা, পানি বিল বাবদ ১১,৬০০/- টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ২৩২০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয় । এ প্রকল্পের অধীন ০২ জন প্রশিক্ষক ও ০১ জন অফিস সহায়ক কর্মরত আছেন।

ইউজিডিপি প্রকল্পের আওতায় রংপুর- দিনাজপুর মহাসড়কের পার্শ্বে বামনদীঘিতে 'নারী উন্নয়ন প্রশিক্ষণ প্রশিক্ষণ কেন্দ্র' নির্মাণ করে দেয়া হলে, বছরব্যাপী তারাগঞ্জ উপজেলার নারীদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার তত্ত্বাবধানে এ প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালনা করা সম্ভবপর হবে। এ প্রকল্পের অধীনে ০২ জন প্রশিক্ষক ও ০১ জন অফিস সহায়ক কর্মরত থাকায় তারা প্রশিক্ষণ কেন্দ্রটি নিয়মিত রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা করতে পারবে।

এছাড়াও উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর ও এনজিও নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন সংক্রান্ত এবং স্বাস্থ্য সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে থাকে। উল্লেখিত দপ্তরসমূহ প্রশিক্ষণের জন্য ভেন্যু হিসেবে এ প্রশিক্ষণ কেন্দ্র ব্যবহার করতে পারবে।

জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও অল্পবয়সী মেয়েদের ক্ষমতায়ন এসডিজি এর অভীষ্ট ৫, সপ্তম পঞ্চমবার্ষিকী পরিকল্পনা, জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ এর সাথে সংশ্লিষ্ট। বামনদিঘীতে ''নারী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ প্রকল্প গ্রহণ করলে তা জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও অল্পবয়সী মেয়েদের ক্ষতমায়ন এসডিজি এর অভিষ্ট ৫-কে সমুন্নত করবে।

সিদ্ধান্ত ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সার্বিক তত্বাবধানে তারাগঞ্জ উপজেলার বামনদিঘীতে একটি ''নারী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র'' নির্মানের প্রস্তাবনা উপজেলা পরিষদে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

২। গ্রামীণ নারীদের হাতের কাজের টুপি তৈরী বিষয়ক প্রশিক্ষণ।

০৪। বিবিধঃ কোন আলোচনা হয়নি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোছাঃ সাবিনা ইয়াসমীন)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
তারাগঞ্জ, রংপুর।

স্মারক নম্বর : ৬২.০১.৮৫৯২.০০০.২৮.০০১.২১-৫৭

তারিখ : ৬১.০৭.২০২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর ।
৪। উপজেলা -------------------------- কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর।
৫। চেয়ারম্যান, -------------------------ইউপি, তারাগঞ্জ, রংপুর।
৬। অফিস কপি ।

(শাহনার্জ ফারহানা আফরোজ)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সদস্য সচিব
মহিলা ও শিশু উনন্নয় বিষয়ক উপজেলা কমিটি
তারাগঞ্জ, রংপুর।